# বিএনপি দুর্নীতিগ্রস্ত হলে তাদের দুই মন্ত্রী কেন থাকলেন সরকারে: তারেক রহমান



সংগৃহীত ছবি

বিএনপিকে দুর্নীতিগ্রস্ত বলার আগে অতীত ভূমিকা মনে করিয়ে দিয়ে তারেক রহমান প্রশ্ন তোলেন—২০০১ থেকে ২০০৬ সাল পর্যন্ত বিএনপি সরকারের অংশ থাকা জামায়াতের দুই মন্ত্রী কেন তখন পদত্যাগ করেননি?

মঙ্গলবার বিকেলে ময়মনসিংহ সার্কিট হাউজ মাঠে নির্বাচনী জনসভায় তিনি বলেন, যারা এখন বিএনপির বিরুদ্ধে কঠোর ভাষায় সমালোচনা করছে, তাদেরই প্রতিনিধিরা সেই সরকারের অংশ ছিলেন—এটাই নাকি তাদের বক্তব্যের অসঙ্গতি প্রমাণ করে। খালেদা জিয়ার নেতৃত্বে সে সময় দুর্নীতির বিরুদ্ধে কঠোর অবস্থান ছিল বলেই তারা সরকারে ছিলেন।

নেতাকর্মীদের উদ্দেশে তিনি ভোটের দিন সক্রিয় থাকার আহ্বান জানান। তাহাজ্জুদের নামাজ শেষে কেন্দ্রে গিয়ে ভোট দেওয়া এবং ফলাফল নিশ্চিতভাবে পর্যবেক্ষণের কথাও বলেন, যাতে কোনো অনিয়ম না ঘটে।

তারেক রহমান আরও বলেন, ১৯৭১ সালের মুক্তিযুদ্ধ থেকে সাম্প্রতিক আন্দোলন—সব ক্ষেত্রেই ধর্ম-বর্ণ নির্বিশেষে মানুষ একসঙ্গে লড়েছে। আসন্ন নির্বাচনেও একইভাবে ঐক্য ধরে রাখার আহ্বান জানান তিনি।

নির্বাচনী প্রচারের অংশ হিসেবে বিকেল সাড়ে ৩টায় সড়কপথে ময়মনসিংহ পৌঁছান তারেক রহমান। জনসভায় তার স্ত্রী জুবাইদা রহমানসহ বিভাগের বিভিন্ন আসনের প্রার্থীরা উপস্থিত ছিলেন।